গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৬৩/২০১৮-২০১৯

ঢাকা, সোমবার ১৮ ফেব্রুয়ারি ২০১৯, ০৬ ফাল্গুন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবিলায় ধনিক শ্রেণির সদিচ্ছা প্রয়োজন : জার্মানিতে জলবায়ু আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা
২। সংযুক্ত আরব আমিরাতের আন্তর্জাতিক প্রতিরক্ষা প্রদর্শনী পরিদর্শনে প্রধানমন্ত্রী
৩। বাংলাদেশ-ইউএই চারটি সমঝোতা স্মারক স্বাক্ষর
৪। আমিরাতের ব্যবসায়ীদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক অনুষ্ঠিত
৫। আমিরাতে প্রধানমন্ত্রীকে বাঙালি কমিউনিটির সংবর্ধনা
৬। এসডিজি অর্জনে বাংলাদেশ সক্ষমতার সঙ্গে এগিয়ে যাচ্ছে : স্পিকার
৭। সড়কে শৃঙ্খলা ফেরাতে ১৫ সদস্যের কমিটি গঠন
৮। গম ও ভুট্টার জাত উদ্ভাবনে সিমিট'র সাথে কাজ করতে চায় বাংলাদেশ : কৃষিমন্ত্রী
৯। মুক্তিযুদ্ধে ভারতের অবদান ভুলবার নয় : কলকাতা প্রেসক্লাবে তথ্যমন্ত্রী
১০। শুধু আইন দিয়ে দুর্নীতি দমন সম্ভব নয় : আইনমন্ত্রী
১১। ঋণ খেলাপির সংস্কৃতি থেকে আমরা বেরিয়ে আসতে চাই : সংসদে অর্থমন্ত্রী
১২। পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে গ্রামীণ জনগোষ্ঠীকে দক্ষ ও যোগ্য করে গড়ে তুলতে হবে : এলজিআরডি মন্ত্রী
১৩। দুই হাজার শিক্ষাপ্রতিষ্ঠানকে পর্যায়ক্রমে এমপিওভুক্তি : সংসদে শিক্ষামন্ত্রী
১৪। প্রকল্প এলাকায় থাকতে হবে পরিচালকদের : পরিকল্পনামন্ত্রী
১৫। শহীদ ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের পরিত্যক্ত বাড়ি এখনও বরাদ্দ দেওয়া হচ্ছে : সংসদে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী
১৬। তরুণদের নতুন সব উদ্ভাবনে উদ্বুদ্ধ করতে হবে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী
১৭। সংসদের সংরক্ষিত নারী আসনে ৪৯ জনকে নির্বাচিত ঘোষণা করে গেজেট প্রকাশ
১৮। সরকারি হলো আরও চার মাধ্যমিক বিদ্যালয়
১৯। অনুমোদন পেল আরও তিন ব্যাংক

চলমান পাতা-২

১। **জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবিলায় ধনিক শ্রেণির সদিচ্ছা প্রয়োজন : জার্মানিতে জলবায়ু আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব থেকে বিশ্বকে রক্ষায় সদিচ্ছা নিয়ে কাজ করার জন্য ধনী দেশগুলোর প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় আমাদের যথেষ্ট বিজ্ঞান, প্রযুক্তি, উদ্ভাবনা এবং অর্থায়ন রয়েছে। আমাদের এখন কেবল প্রয়োজন সমাজের সর্বত্র ধনিক শ্রেণির সদিচ্ছা, আগ্রহ ও প্রচেষ্টা। গত ১৫ ফেব্রুয়ারি শনিবার জার্মানিতে মিউনিখ নিরাপত্তা সম্মেলন উপলক্ষে 'ক্লাইমেট চেঞ্জ এজ এ সিকিউরিটি থ্রেট' শীর্ষক প্যানেল আলোচনায় প্রধানমন্ত্রী এ কথা বলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বৈশ্বিক অব্যাহত উষ্ণতা বৃদ্ধিসহ জলবায়ু পরিবর্তন মানুষের জন্য সত্যিকার এক হুমকি হয়ে দাঁড়িয়েছে। বাংলাদেশে সাইক্লোন, ঝড়, জলোচ্ছ্বাস এবং মৌসুমী বন্যা মানুষের জীবন জীবিকার জন্য চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। তিনি বলেন, বঙ্গোপসাগরে পানিতে অ্যাসিডিটি বাড়ছে, সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধির কারণে বাংলাদেশের এক-তৃতীয়াংশ মানুষ বাস্তুচ্যুত হওয়ার ঝুঁকিতে রয়েছে। বৃষ্টিপাতে অনিয়ম এবং অতিবৃষ্টি ও তাপমাত্রা বৃদ্ধির কারণে কৃষকের জন্য চাষাবাদ কঠিন হয়ে পড়েছে এবং শুষ্ক মৌসুমে পানির সংকট দেখা দিচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা উল্লেখ করেন যে, তাঁর সরকার নিজস্ব সম্পদ থেকে জলবায়ু পরিবর্তন তহবিল গঠন করেছে এবং অভিযোজন ও প্রশমন কর্মসূচি বাস্তবায়নে এ পর্যন্ত সর্বোচ্চ ৪০ কোটি মিলিয়ন মার্কিন ডলার ব্যয় করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১৭,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.২)।

২। **সংযুক্ত আরব আমিরাতের আন্তর্জাতিক প্রতিরক্ষা প্রদর্শনী পরিদর্শনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) সংযুক্ত আরব আমিরাত সরকারের উদ্যোগে আয়োজিত আন্তর্জাতিক প্রতিরক্ষা প্রদর্শনী পরিদর্শন করেছেন। সংযুক্ত আরব আমিরাতের ভাইস প্রেসিডেন্ট এবং প্রধানমন্ত্রী এবং দুবাই এর শাসক শেখ মোহাম্মেদ বিন রাশিদ আল মাকতুম'র আমন্ত্রণে তিনি এ প্রদর্শনীতে যোগদান করেন। আবুধাবি'র ন্যাশনাল এক্সিবিশন সেন্টারে ৫ দিনব্যাপী এ প্রদর্শনী অনুষ্ঠিত হচ্ছে। এতে সামরিক কর্মকর্তা এবং সরকারি সংস্থার জন্য সামরিক কাজে ব্যবহৃত যন্ত্রাংশ এবং সামগ্রী প্রদর্শিত হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদর্শনীকেন্দ্রে পৌঁছলে তাঁকে আবুধাবির যুবরাজ শেখ মোহাম্মেদ বিন সুলতান আল-নাহিয়ান অভ্যর্থনা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১৭,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৪)।

৩। **বাংলাদেশ-ইউএই চারটি সমঝোতা স্মারক স্বাক্ষর**

বন্দর, শিল্প পার্ক, এলএনজি টার্মিনাল, বিদ্যুৎকেন্দ্র ও বাংলাদেশে বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের ওপর সংযুক্ত আরব আমিরাতের সঙ্গে (ইউএই) চারটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে বাংলাদেশ। গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) আবুধাবির সেন্ট রেগিস হোটেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে এসব এমওইউ স্বাক্ষরিত হয়। আবুধাবিতে আন্তর্জাতিক প্রতিরক্ষা প্রদর্শনী-২০১৯-এ যোগ দিতে জার্মানি থেকে গতকাল ১৭ ফেব্রুয়ারি রোববার সকালে দেশটিতে পৌঁছান প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (শেষপৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৭,ক.১)।

৪। **আমিরাতের ব্যবসায়ীদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক অনুষ্ঠিত**

গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) বিকেলে আমিরাতের মন্ত্রী, বিনিয়োগকারী ও ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈঠকে আমিরাতের অর্থনীতিবিষয়ক মন্ত্রী সুলতান বিন সাইদ আল মনসুরি উপস্থিত ছিলেন। এসময় বাংলাদেশ ও ইউএই'র মধ্যে যৌথ ব্যবসা ফোরাম ও যৌথ অর্থনৈতিক কমিশন করার বিষয়েও আলোচনা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৭,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৪)।

৫। **আমিরাতে প্রধানমন্ত্রীকে বাঙালি কমিউনিটির সংবর্ধনা**

সংযুক্ত আরব আমিরাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বাঙালি কমিউনিটির সদস্যরা সংবর্ধনা দিয়েছেন। গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) আবুধাবি বিমানবন্দরে প্রধানমন্ত্রী পৌঁছালে তাঁকে সংবর্ধনা দেওয়া হয়। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান বাঙালি কমিউনিটির নেতা ও কর্মীরা। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮) ।

৬। **এসডিজি অর্জনে বাংলাদেশ সক্ষমতার সঙ্গে এগিয়ে যাচ্ছে : স্পিকার**

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) সিনিয়র প্রোগ্রাম অফিসার ইওয়ার্ল্ড রেমেটসটেইনার জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) সংসদের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সাক্ষাৎকালে তাঁরা বাংলাদেশের খাদ্য নিরাপত্তা, কৃষিখাতের উন্নয়ন ও সংসদ সদস্যদের জন্য অবহিতকরণ কর্মশালা আয়োজন নিয়ে আলোচনা করেন। এ সময় স্পিকার বলেন, বাংলাদেশ খাদ্য নিরাপত্তা ও পুষ্টি নিশ্চিত করে এসডিজি অর্জনে সক্ষমতার সঙ্গে এগিয়ে যাচ্ছে। তিনি আরো বলেন, কৃষিখাতে বাংলাদেশের অগ্রগতি প্রশংসনীয়। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬)।

=৩=

৭। **সড়কে শৃঙ্খলা ফেরাতে ১৫ সদস্যের কমিটি গঠন**

সড়কে শৃঙ্খলা ফেরানোর লক্ষ্যে বাংলাদেশ সড়ক পরিবহণ শ্রমিক ফেডারেশনের কার্যকরী সভাপতি সাবেক নৌপরিবহণমন্ত্রী শাজাহান খানকে প্রধান করে ১৫ সদস্যের একটি কমিটি করেছে সরকার। এ কমিটিকে ১৪ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। এছাড়া সংসদে পাস হওয়া সড়ক পরিবহণ আইন নিয়ে পরিবহণ মালিক-শ্রমিকদের আপত্তির বিষয়ে বাস্তবসম্মত সমাধান খুঁজতে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামালের নেতৃত্বে আরেকটি কমিটি করা হয়েছে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) বনানীতে বিআরটিএ কার্যালয়ে জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিলের বৈঠকে এ কমিটি গঠন করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৫) ।

**৮। গম ও ভুট্টার জাত উদ্ভাবনে সিমিট'র সাথে কাজ করতে চায় বাংলাদেশ : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেন, আমাদের দেশের জলবায়ু ও আবহাওয়া ভুট্টা চাষের জন্য উপযোগী। দেরিতে হলেও আমাদের দেশে ভুট্টা আবাদের এলাকা ও উৎপাদন দিনে দিনে বাড়ছে। আমাদের ভুট্টা উৎপাদন আরও বৃদ্ধি করতে হবে। প্রতি বছর ৩০ লাখ টন ভুট্টা আমদানি করতে হয় জানিয়ে তিনি বলেন, দেশের পোল্ট্রি ও মৎস্য খামারে পুষ্টিমান সম্পন্ন ভুট্টার বেশ চাহিদা রয়েছে। এছাড়া ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণে ভুট্টার গুরুত্ব অপরিসীম। দেশের কৃষি বিজ্ঞানীদের প্রশিক্ষণ ও আবহাওয়া উপযোগী স্বল্প সময়ের গম ও ভুট্টার জাত উদ্ভাবনে আন্তর্জাতিক গম ও ভুট্টা উন্নয়ন কেন্দ্রের (সিমিট) সাথে কাজ করতে চায় বাংলাদেশ। গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে আন্তর্জাতিক গম ও ভুট্টা উন্নয়ন কেন্দ্রের (সিমিট) প্রতিনিধিবৃন্দের সাথে সাক্ষাৎকালে কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক এ আগ্রহের কথা জানান। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন সিমিটের মহাপরিচালক ড. মার্টিন করপ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**৯। মুক্তিযুদ্ধে ভারতের অবদান ভুলবার নয় : কলকাতা প্রেসক্লাবে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতের অবদান কোনোদিন ভুলবার নয়, যতদিন বাংলাদেশ থাকবে ততদিন ভারতের অবদান ইতিহাসে লেখা থাকবে। গত ১৬ ফেব্রুয়ারি শনিবার কলকাতা প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। কবে থেকে বাংলাদেশি টিভি চ্যানেলগুলো কলকাতায় দেখা যাবে এমন প্রশ্নের উত্তরে তথ্যমন্ত্রী বলেন, এখানকার ক্যাবল অপারেটররা প্রতি চ্যানেলে পাঁচ কোটি টাকা চাইছে অথচ আমরা ভারতীয় চ্যানেলগুলো থেকে মাত্র দুই লাখ টাকা নেই। খুব শীঘ্রই বাংলাদেশের সরকারি চ্যানেল বিটিভি এখানে দেখা যাবে। বাকিগুলো নিয়েও কথা চলছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৭), **নিউ নেশন** (পৃ.৩,ক.৮)।

**১০। শুধু আইন দিয়ে দুর্নীতি দমন সম্ভব নয় : আইনমন্ত্রী**

আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, বিশ্বব্যাপী দুর্নীতি মোকাবিলা করা একটি বড় চ্যালেঞ্জ। শুধু আইন দিয়ে দুর্নীতি দমন করা সম্ভব নয়। তবে শাস্তি দেওয়া সম্ভব। গতকাল ঢাকায় (১৭ ফেব্রুয়ারি রোববার) জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ প্রগতিশীল কলামিস্ট ফোরাম আয়োজিত 'দুর্নীতিবিরোধী অভিযান ও নেতৃত্বের সাফল্য' শীর্ষক এক আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, সব কিছু ডিজিটাল হলে দুর্নীতি অচিরেই কমে যাবে। দুর্নীতির সঙ্গে কোনো আপোস নয়। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

**১১। ঋণ খেলাপির সংস্কৃতি থেকে আমরা বেরিয়ে আসতে চাই : সংসদে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল সংসদে বলেছেন, ঋণখেলাপির সংস্কৃতি থেকে আমরা বেরিয়ে আসতে চাই। গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) সংসদে কার্যপ্রণালী বিধির ৭১ বিধিতে গৃহীত একটি নোটিসের ওপর দেওয়া সংক্ষিপ্ত বিবৃতিতে অর্থমন্ত্রী এ কথা বলেন। আমরা ব্যবসাবান্ধব সরকার। এ সরকার ব্যবসায়ীদের বিপক্ষে নয়। আমি আশ্বস্ত করতে চাই, শিল্প ঋণের সুদের হারের বিষয়ে অতি শীঘ্রই সবাই একটা ফলপ্রসূ পদক্ষেপ দেখতে পাবেন। ক্ল্যাসিফাইড ঋণ আর বাড়বে না। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **ডেইডি সান** (পৃ.১৫,ক.৬)।



**১২। পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে গ্রামীণ জনগোষ্ঠীকে দক্ষ ও যোগ্য করে গড়ে তুলতে হবে : এলজিআরডি মন্ত্রী**

পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন কার্যক্রম গতিশীল করতে গ্রামীণ জনগোষ্ঠীকে দক্ষ ও যোগ্য করে গড়ে তুলতে কর্মসূচি প্রণয়ন করতে হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রী মোঃ তাজুল ইসলাম। এ সময় পদ্মা সেতু বাস্তবায়নের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, এ সেতু উদ্বোধনের পর বিশাল একটি এলাকার যে

সম্ভাবনার দুয়ার উন্মোচন হবে তা কাজে লাগিয়ে আমাদের অর্থনীতিকে বেগবান করতে হবে। তাই বিভিন্ন কর্মসূচি ও প্রকল্পে বাহিরের হস্তক্ষেপ কমিয়ে যথাযথ কর্তৃপক্ষের নিকট জবাবদিহিতা প্রতিষ্ঠা করার আহবান জানান তিনি। গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর কাওরানবাজারে পল্লী ভবনে পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর সম্মেলনকক্ষে বিআরডিবি'র কার্যক্রম পর্যালোচনাসভায় তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.৬)।

**১৩। দুই হাজার শিক্ষাপ্রতিষ্ঠানকে পর্যায়ক্রমে এমপিওভুক্তি : সংসদে শিক্ষামন্ত্রী**

দুই হাজার শিক্ষাপ্রতিষ্ঠানকে পর্যায়ক্রমে এমপিওভুক্ত করা হবে বলে সংসদকে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, এ বিষয়ে অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে। অর্থ পাওয়া সাপেক্ষে অতিদ্রুত এসব শিক্ষাপ্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হবে। গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) সংসদে সম্পূরক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৬), **এশিয়ান এজ** ( পৃ.১,ক.১)।

**১৪। প্রকল্প এলাকায় থাকতে হবে পরিচালকদের : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুশাসন রয়েছে প্রকল্প এলাকায় প্রকল্প পরিচালকদের থাকতে হবে। কিন্তু প্রকল্প পরিচালকগণ থাকছেন না। একজন একাধিক প্রকল্পে পরিচালক। এ বিষয়গুলো সঠিক ভাবে দেখতে বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবদের নির্দেশনা দেওয়া হয়েছে। গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলনকক্ষে চলতি (২০১৮-১৯) অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাসভায় মন্ত্রী এ নির্দেশ দেন। প্রকল্প বাস্তবায়নে ভূমি অধিগ্রহণ সমস্যা নিয়ে মন্ত্রী আরো বলেন, প্রকল্প বাস্তবায়ন কম হওয়ার অন্যতম কারণ জমি অধিগ্রহণ না হওয়া, বৈদেশিক অর্থ নিয়ে জটিলতা। বৈদেশিক সহায়তা প্রাপ্তির বিলম্বের কারণে প্রকল্প বাস্তবায়ন দেরি হচ্ছে। ঋণ দাতাদের নিজস্ব কিছু আইন-কানুন আছে। আবার আমাদেরও কিছু আইন-কানুন আছে ফলে এখানে অনেক সময় 'মিস ম্যাচিং' হয়। এ ব্যাপারে ইআরডিকে ব্যবস্থা নিতে বলা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৫)।

**১৫। শহীদ ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের পরিত্যক্ত বাড়ি এখনও বরাদ্দ দেওয়া হচ্ছে : সংসদে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী**

সারাদেশেই শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের পরিত্যক্ত বাড়ি বরাদ্দ দেওয়া হয়েছে, বর্তমানেও বরাদ্দ দেওয়া হচ্ছে। মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের বাড়ি বরাদ্দ একটি চলমান প্রক্রিয়া। যুদ্ধাহত অসচ্ছল মুক্তিযোদ্ধারা নির্দিষ্ট কোনো পরিত্যক্ত বাড়ি বরাদ্দের জন্য আবেদন করলে প্রচলিত বিধিবিধান অনুযায়ী বিবেচনা করা হবে। গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী শ. ম. রেজাউল করিম এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৫)।

**১৬। তরুণদের নতুন সব উদ্ভাবনে উদ্বুদ্ধ করতে হবে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী**

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, বাংলাদেশ ভিশন-২০২১ বাস্তবায়ন দুর্বার গতিতে এগিয়ে চলছে। আইসিটি উন্নয়নের অগ্রযাত্রায় আমাদের তরুণদের ভূমিকা উল্লেখযোগ্য। গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) ঢাকায় এক সংবাদসম্মেলনে তিনি এ কথা বলেন। আইসিটি সল্যুশন সরবরাহকারী প্রতিষ্ঠান হুয়াওয়ে'র সিএসআর প্রোগ্রাম 'সিডস ফর দ্য ফিউচার ২০১৯' প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **আমাদের অর্থনীতি** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৫,ক.৪), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.১)।

**১৭। সংসদের সংরক্ষিত নারী আসনে ৪৯ জনকে নির্বাচিত ঘোষণা করে গেজেট প্রকাশ**

একাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে ৪৯ জনকে সংসদ সদস্য ঘোষণা করে গেজেট প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) তাঁদের চূড়ান্তভাবে সংসদ সদস্য হিসেবে ঘোষণা করে বিজ্ঞপ্তি প্রকাশ করেন রিটার্নিং কর্মকর্তা। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৫)।



**১৮। সরকারি হলো আরও চার মাধ্যমিক বিদ্যালয়**

জাতীয়করণ হলো আরও চারটি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়। গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) এ চার বিদ্যালয়কে সরকারি করে আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। নতুন সরকারিকৃত বিদ্যালয় চারটি হলো-সিলেটের দক্ষিণ সুরমার রেবতী রমন দ্বিপাক্ষিক উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুরের রায়পুর মার্চেন্টস একাডেমি, চুয়াডাঙ্গার জীবননগর থানা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও দিনাজপুরের ঘোড়াঘাটের রাণীগঞ্জ দ্বিতীয় দ্বিমুখী উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫)।

**১৯। অনুমোদন পেল আরও তিন ব্যাংক**

বাংলাদেশের ব্যাংকিংখাতে যুক্ত হলো আরও তিনটি ব্যাংক। গতকাল (১৭ ফেব্রুয়ারি রোববার) কেন্দ্রীয় ব্যাংকের পর্ষদ সভায় নতুন তিনটি ব্যাংকের জন্য সম্মতিপত্র ইস্যু করার সিদ্ধান্ত নেওয়া হয়। ব্যাংক তিনটি হচ্ছে পিপলস ব্যাংক,

সিটিজেন ব্যাংক ও বেঙ্গল ব্যাংক। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **যায়যায়দিন :** দেশের ডায়াবেটিস রোগীদের ৪০ শতাংশ কিডনি রোগে আক্রান্ত এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ ও তার সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

খ. **বণিক বার্তা :** বছরের পর বছর বিভিন্ন দুর্যোগে সম্পূর্ণভাবে অনেক শিক্ষাপ্রতিষ্ঠান ভবন বিলীন হয়ে যাচ্ছে উল্লেখ করে দুর্যোগের ঝুঁকিতে থাকা শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর ব্যাপারে বিশেষ ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি বিলীন হয়ে যাওয়া ভবনগুলো পুনর্নির্মাণের সুপারিশ।

গ. **ইত্তেফাক :** ফায়ার সার্ভিস প্রণীত রাজধানীর ঝুঁকিপূর্ণ হাসপাতালের তালিকায় ২৪৮টি ও অতিঝুঁকিপূর্ণ তালিকায় ১৭৪টি হাসপাতালের নাম থাকার কথা উল্লেখ করে এসব হাসপাতালে অগ্নিঝুঁকি মোকাবিলায় যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ, যায়যায়দিন, ভোরের কাগজ, ডেইলি সান, অবজারভার, নিউ নেশন :** কক্সবাজারের টেকনাফ পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে এক সমাবেশের মাধ্যমে ১০২ জন ইয়াবা কারবারি আত্মসমর্পন করেছে উল্লেখ করে ইয়াবার অনুপ্রবেশ ও দেশের অভ্যন্তরে বিতরণের নেটওয়ার্ক সমূলে ধ্বংস করার দাবি।

ঙ. **জনকণ্ঠ, যুগান্তর :** বর্তমান সরকারের আন্তরিক প্রচেষ্টা ও উদ্যোগে দুই পর্বে বিভক্ত এবারের বিশ্ব ইজতেমা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হচ্ছে উল্লেখ করে মানবতার শান্তি ও কল্যাণ প্রতিষ্ঠায় বিশ্ব ইজতেমা জোরালো ভূমিকা রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট :** রাজধানীতে হঠাৎ করে বিনা নোটিশে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাওয়ায় দুর্ভোগে পড়েছিল নগরবাসী উল্লেখ করে এ ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি যাতে আর না হয় সে ব্যাপারে দৃষ্টি রাখার সুপারিশ।

ছ. **নিউজ টুডে :** মৌলভীবাজারের হাকালুকি হাওরের চারপাশের ফসলি জমি হতে মাটি উঠিয়ে ইটভাটায় বিক্রি করায় এসব জমির উর্বরতা হারিয়ে যাচ্ছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'গ্রাম হবে শহর, অর্থনীতিতে নতুন রূপান্তর'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, উন্নয়ন এর মাধ্যমে গ্রামীণ অর্থনীতি, জীবনযাপন, অবকাঠামো ইত্যাদির উন্নয়ন ঘটলেও গ্রামের স্বকীয়তা যেন বজায় থাকে।

#

ডালিয়া/ফাহিমা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা